দৈনিক ইত্তেফাক

৩৩৭

তারিখ ... ... SEP. 01 1999
পৃষ্ঠা ৬ কলাম ৬

দক্ষিণাঞ্চল শিক্ষক-কর্মচারী মহাসমাবেশ

## 'নকলের জন্য এককভাবে শিক্ষকদের দায়ী করা চলিবে না'

বরিশাল অফিস ॥ বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন জেলা শাখা আয়োজিত দক্ষিণাঞ্চলের শিক্ষক-কর্মচারী মহাসমাবেশে বক্তারা বলেন, নকলের জন্য শুধুমাত্র শিক্ষকদের এককভাবে দায়ী করা চলিবে না। নকল বন্ধ করিতে হইলে কেন্দ্র খোলার ব্যাপারে রাজনৈতিক প্রভাব-মুক্ত থাকিতে হইবে। গত সোমবার অশ্বিনী কুমার হলে অনুষ্ঠিত এই সমাবেশে কেন্দ্রীয় সভাপতি শেখ আমানউল্লাহ; মহাসচীব অধ্যক্ষ কাজী ফারুক, অধ্যক্ষ আলী আকবর খান, মোহাম্মদ তোয়াহা, মোঃ সেলিম প্রমুখ বক্তৃতা দেন। প্রভাষক মোহসিন-উল-ইসলাম হাবুল সভাপতিত্ব করেন শিক্ষা প্রতিষ্ঠানে সকাল ৯টা হইতে ৫টা পর্যন্ত নূতন নির্ধারিত সময়ের বিরোধিতা করিয়া বক্তারা বলেন, ঐ নিয়ম আমরা মানি না। তাহারা প্রধানমন্ত্রীর ঘোষণ অনুযায়ী একশত ভাগ বেতন-ভাতা প্রদানের জন্য দাবী জানান।